

**বান্দরবান সড়ক বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**  
**(Overview of the Performance of the Bandarban Road Division)**

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

বান্দরবান সড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অধীন মানসম্পন্ন, নিরাপদ ও টেকসই মহাসড়ক এবং সংশ্লিষ্ট অবকাঠামো বিনির্মাণ ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। গত তিন অর্থবছরে বান্দরবান সড়ক বিভাগ জাতীয়, আঞ্চলিক এবং জেলা মহাসড়ক মিলিয়ে সর্বমোট (উন্নয়ন ও অনুন্নয়ন খাতে) ১৭৭.৫৪ কি:মি: সার্ফেসিং, ৫৪৩.২২ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ ও ২৪১.১৪ মিটার সেতু ও কালভার্ট পুনঃনির্মাণ করা হয়েছে। বান্দরবান সড়ক বিভাগাধীন বিভিন্ন সড়কে পিসি গার্ডার সেতু, আরসিসি গার্ডার সেতু এবং আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজ চলমান।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

নির্মাণ প্রতিষ্ঠানের দক্ষতা, যোগ্যতা ও আন্তরিকতার অভাবে প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে সঠিকভাবে সম্পন্ন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। দুর্গম স্থানে বর্ষাকালীন কাজের সময় ভূমিধ্বসের ফলে সড়ক যোগাযোগ সচল রাখা এবং জনবলের নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত চ্যালেঞ্জিং। এছাড়াও বান্দরবান সড়ক বিভাগের বিভিন্ন স্তরের প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী তথা জনবলের স্বল্পতার জন্য সড়ক উন্নয়ন কর্মকান্ডের কাংখিত ফলাফল পাওয়া যাচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জাতীয় মহাসড়কের উন্নয়ন এবং পার্শ্ববর্তী জেলাসমূহের সাথে আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিদ্যমান দুই লেন সড়ককে ন্যূনতম চার লেনে উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে। পর্যায়ক্রমে বান্দরবান সড়ক বিভাগাধীন সকল ঝুঁকিপূর্ণ বেইলী সেতুসমূহ কংক্রিট সেতু দ্বারা প্রতিস্থাপনের পরিকল্পনা রয়েছে। এছাড়াও আঞ্চলিক মহাসড়কগুলোকে পর্যায়ক্রমে যথাযথমানে উন্নীতকরণসহ বিভিন্ন ইন্টারসেকশন, বাজার, লেভেলক্রসিংসহ গুরুত্বপূর্ণ অংশসমূহে রিজিড পেভমেন্ট ও প্রয়োজনীয় ডেনেজ ব্যবস্থা স্থাপনের পরিকল্পনা অত্র দপ্তরের রয়েছে। দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা আছে। আগামী ১০ বছরের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দুর্ঘটনার হার ৫০% হ্রাস করার লক্ষ্যে বিভিন্ন ব্ল্যাকস্পটসমূহ দুর্ঘটনামুক্ত ও নিরাপদ করার পরিকল্পনা অত্র দপ্তরের আছে।

২০২৩-২০২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ-

১। ৩২.০০ কি:মি: সার্ফেসিং; ২। ৬০০ মি: মহাসড়ক প্রমস্করণ; ৩। ০.১৫ কি:মি: রিজিড পেভমেন্টকৃত মহাসড়ক; ৪। ১৬৫.৫৪ মিটার সেতু/কালভার্ট নির্মাণ; ৫। ১০.০০ মিটার পুনঃ নির্মিত সেতু/কালভার্ট কাজ; ৬। মহাসড়ক ০.৩০ হেক্টর পরিমানে অবৈধ দখলে থাকা ভূমি উদ্ধার।